

# আমার অধিকারগুলি কী কী?

## ন্যায্য শুনানির অধিকার

আপনার TA, SNAP, HEAP, চাইল্ড কেয়ার সুবিধাদি অস্বীকার করা হলে, আপনার সুবিধাদি বন্ধ করা হলে, স্থগিত করা বা কমানো হলে অথবা সমাজ পরিষেবার স্থানীয় বিভাগের নেওয়া সিদ্ধান্তের সাথে আপনি সম্মত না হলে আপনার কাছে একটি ন্যায্য শুনানির (Fair Hearing) অধিকার আছে।

## জরুরি অস্থায়ী সহায়তার জন্য আবেদন করার অধিকার

আপনি যদি অস্থায়ী সহায়তা ইতোমধ্যেই পেয়ে থাকেন এবং একটি জরুরি অবস্থা হয় তাহলে তখনই একজন কর্মীকে বলুন। আপনি যদি অস্থায়ী সহায়তা না পেয়ে থাকেন তাহলে একটি আবেদন পূরণ করুন এবং একজন কর্মীকে বলুন যে আপনার একটি জরুরি অবস্থা রয়েছে। আপনার একই দিনে আপনার জরুরি অবস্থা সম্পর্কে সাক্ষাৎকার দেওয়ার অধিকার রয়েছে।

## সকল সুবিধা এবং সেবা লাভের আবেদন করার অধিকার

আপনি TA, SNAP এবং/অথবা HEAP সহায়তার জন্য যোগ্য কিনা তা দেখতে, আপনাকে আপনার কাউন্টির সামাজিক পরিষেবা বিভাগে (Department of Social Services) অথবা, আপনি নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর মধ্যে কোনো একটি বরোতে থাকলে, আপনার স্থানীয় জব সেন্টারে একটি আবেদন জমা করতে হবে। আপনি অনলাইনে [myBenefits.ny.gov](http://myBenefits.ny.gov) এ অথবা আবেদন ফাইলটি পূরণ করে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে জমা দিতে পারবেন। আপনি নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর মধ্যে কোনো একটি বরোতে থাকলে, আপনি অনলাইনে [access.nyc.gov](http://access.nyc.gov) এ আবেদন করতে পারবেন।

## পারিবারিক সহিংসতার শিকার হলে স্ক্রিনিং এবং বিশেষ সেবা লাভের অধিকার

সেবা পরিবার এবং গৃহস্থালির সদস্যদের জন্য উপলভ্য, তাদের সন্তান থাকুক বা না থাকুক, যাতে তাদের শারীরিক বা মানসিক অত্যাচার বা শারীরিক বা মানসিক অত্যাচারের হুমকি থেকে রক্ষায় সাহায্য করা যায়। এই সেবাগুলি লাভ করার জন্য আয়ের কোনও সীমা নেই।

জরুরি আশ্রয়, সহায়ক গোষ্ঠী এবং কাউন্সেলিংয়ের সম্পর্কে তথ্যের জন্য আপনি 24-ঘণ্টার হটলাইনে কল করতে পারেন। এই পরিষেবাগুলি আপনাকে এবং আপনার শিশুদের নিরাপদ রাখতে সহায়তা করবে।

আপনার স্থানীয় গার্হস্থ্য সহিংসতা পরিষেবা সরবরাহকারীর তথ্য এবং রেফারেলগুলির জন্য আপনি নিম্নলিখিত নম্বরগুলিতে ফোন করতে পারেন, টোল ফ্রী, দিনের 24 ঘণ্টা উপলভ্য:

নিউ ইয়র্ক সিটিতে ফোন করুন 1-800-621-HOPE (1-800-621-4673)

নিউ ইয়র্ক স্টেটের অন্য যে কোনো অঞ্চলে NYS গার্হস্থ্য সহিংসতার হটলাইন 1-800-942-6906 নম্বরে ফোন করুন (স্প্যানিশ ভাষাভাষীরা 1-800-942-6908 এ টোল ফ্রি নম্বরে ফোন করুন)।

## শিশু পরিচর্যার সম্পর্কে প্রশ্ন করার অধিকার

শিশু পরিচর্যার সহায়তা এমন পিতা-মাতা(দের)/পরিচর্যাকারীকে(দের) সাহায্য করে যে সমস্ত পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) নিজ সন্তান(দের) পরিচর্যা ও তত্ত্বাবধানের সময় উপস্থিত থাকতে পারেন না বলে তাদের সন্তানের(দের) জন্য পরিচর্যার ব্যক্তি প্রয়োজন হয়। শিশু পরিচর্যার সহায়তা কোনও পিতা-মাতা(দের)/পরিচর্যাকারীকে(দের) শিশু পরিচর্যা পরিষেবার সামগ্রিক বা আংশিক খরচ প্রদানে সাহায্য করে।

আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করে বা গিয়ে এবং একটি আবেদনের প্যাকেজ চাইতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, এবং আপনার যদি TA থাকে বা TA এর জন্য আবেদন করেন, তাহলে আপনার স্থানীয় জব সেন্টারে ফোন করুন বা যান। আপনি যদি কেবল শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করছেন, তাহলে 311 এ নিউ ইয়র্ক সিটি তথ্য হেল্পলাইনে কল করুন।

## বিনামূল্যে ভাষা সেবা লাভের অধিকার

বিনামূল্যে ভাষা সেবা সহায়তা উপলভ্য আছে।

## লিখিত নোটিশ লাভের অধিকার

যদি স্থানীয় সমাজ সেবা দিল্লিক আপনার প্রয়োজনীয় প্রোগ্রাম এবং সেবা লাভের জন্য আপনাকে অযোগ্য বলে বিবেচনা করে, অথবা নির্ধারণ করে যে আপনার এইরূপ সহায়তা আরও কম লাভ করা উচিত, তাহলে আপনি আপনার আবেদন এবং আপনার সুবিধা এবং আপনার সুবিধা নাকচ করা হচ্ছে কিনা বা কমিয়ে দেওয়া হচ্ছে কিনা বা আপনার কেস বন্ধ করে দেওয়া হয়েছে কিনা সে সংক্রান্ত একটি নোটিশ পাবেন।

LDSS-5208-BE (Rev. 7/22)